



রূপগঞ্জ বিএনপির ৩১ দফা কর্মসূচি প্রচারে সমাবেশ ও লিফলেট বিতরণ



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রূপগঞ্জ বিএনপির ৩১ দফা জাতীয় রূপরেখা বাস্তবায়নের লক্ষ্যে সমাবেশ ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে জেলা ও উপজেলা নেতৃত্বসহ সাধারণ কর্মীরা অংশ নেন এবং ৩১ দফার গুরুত্ব তুলে ধরা হয়।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা জাতীয় রূপরেখা বাস্তবায়নের অংশ হিসেবে রূপগঞ্জ উপজেলার কায়েতপাড়া ইউনিয়নে সমাবেশ ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১১ অক্টোবর) বিকেল ৩টায় কায়েতপাড়া ইউনিয়নের বরণা স্কুল মাঠে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নারায়ণগঞ্জ জেলা জজ কোর্টের এড. মোহাম্মদ মুসলিম খাঁ। সঞ্চালনা করেন রূপগঞ্জ বিএনপির নেতা সার্জেন্ট অব. মোমেন মিয়া। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও রূপগঞ্জ আসনের মনোনয়ন প্রার্থী শরীফ আহমেদ টুটুল।

প্রধান অতিথি শরীফ আহমেদ টুটুল তার বক্তব্যে বলেন, “গত ১৭ বছর ধরে জনগণ একদলীয় শাসন ও ফ্যাসিবাদের শিকার হয়েছে। মানুষের বাকস্বাধীনতা, গণতন্ত্র ও ভোটাধিকার হরণ করা হয়েছিল। তবে ২০২৪ সালের গণজাগরণের মধ্য দিয়ে জনগণ আবার তাদের অধিকার পুনরুদ্ধার করেছে। এখন সময় এসেছে মানুষের ভোটাধিকার ফিরিয়ে দেওয়া এবং সত্যিকার গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার। তারেক রহমানের ঘোষিত ৩১ দফা দেশের পুনর্গঠনের রূপরেখা, যা অর্থনৈতিক উন্নয়ন, বিচার বিভাগের স্বাধীনতা, মানবাধিকার সংরক্ষণ, দুর্নীতিমুক্ত প্রশাসন ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করবে। এজন্য সবাইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে।”

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সাবেক যুগ্ম সম্পাদক সাক্বির আহমেদ দিপু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রূপগঞ্জ থানা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন আব্দুল্লাহ, রূপগঞ্জ বিএনপির যুগ্ম সম্পাদক মাসুম বাবুল, রূপগঞ্জ থানা প্রজন্ম দলের সভাপতি মোহাম্মদ মাহমুদুল্লাহ, দাউদপুর ইউনিয়ন বিএনপির সহসভাপতি সাইফুল ইসলাম হিরন, দাউদপুর ইউনিয়ন বিএনপি যুগ্ম সম্পাদক ও চেয়ারম্যান নিব্বুম পল্লী রিসোর্ট আবুল হোসেন, সোলমান খাঁন, জাকির খাঁন, মহসিন মিয়া ও অলিউল্লাহ প্রমুখ।